দৈনিক ইনকিলাব

তারিখ 11 NOV 1998
পৃষ্ঠা ১ কলাম ১

৪।

# ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল গ্রেফতার

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেলকে গ্রেফতার করা হয়েছে। গত সোমবার মধ্যরাতে সাংগঠনিক কাজ থেকে বাসায় ফেরার পথে কাওরান বাজার এলাকা থেকে গোয়েন্দা পুলিশ তাকে গ্রেফতার করে। তার

৩ এর পাতায় দেখুন



## হাবিবুন্নবী সোহেল

প্রথম পৃষ্ঠার পর

সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হল ছাত্রদলের নেতা মনজুর কাদের জুয়েলকেও গ্রেফতার করা হয়। গ্রেফতারের পর তাদেরকে মিন্টো রোডে গোয়েন্দা পুলিশ কার্যালয়ে নিয়ে যাওয়া হয়। গতকাল দিনভর তাদেরকে সেখানে রেখে সন্ধ্যায় সিএমএস আদালতে হাজির কর হয়। আদালতে আইনজীবীরা সোহেল ও জুয়েলের জামিন প্রার্থনা করলেও আদালত জামিন আবেদন নামঞ্জুর করেন। পরে তাদেরকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে পাঠিয়ে দেয়া হয়। তবে ছাত্রনেতা হাবিবুন্নবী সোহেলকে কোন্ মামলায় গ্রেফতার করা হয়েছে বা আটকাদেশ দেয়া হয়েছে কি-না তা গতরাত ৯টায় রমনা থানা পুলিশ ও গোয়েন্দা পুলিশ কার্যালয়ের ডিউটি অফিসার জানাতে পারেননি। তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক সিনেট সদস্য হাবিবুন্নবী সোহেলের অবস্থান সম্পর্কেও কিছু জানে না বলে জানায়।

জনাব সোহেলকে সন্ধ্যায় আদালতে নেয়া হলে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্র দলের কর্মীরা তার গ্রেফতারের প্রতিবাদ ও অবিলম্বে মুক্তির দাবীতে আদালত প্রাঙ্গনে বিক্ষোভ প্রদর্শন করে। তারা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে মিছিল বের করে আদালত প্রাঙ্গন হয়ে আবার ক্যাম্পাসে গিয়ে সমাবেশ করে। সমাবেশে আবদুল খালেক হাওলাদার, শামসুজ্জামান সুরুজ, শহীদুল্লাহ তালুকদার প্রমুখ বক্তব্য রাখেন।

ছাত্রদল সভাপতি শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি সংগঠনের সাধারণ সম্পাদক, জনপ্রিয় ছাত্রনেতা হাবিবুন্নবী সোহেলকে গ্রেফতারের ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করে বলেন, গণআন্দোলনে বেসামাল হয়ে সরকার ছাত্র আন্দোলন ঠেকাতে প্রতিবাদী ছাত্রনেতা সোহেলকে গ্রেফতার করেছে। তিনি অবিলম্বে সোহেলকে নিঃশর্ত মুক্তি দেয়ার দাবী জানান।